

Website: www.bb.org.bd

আর্থিক প্রতিষ্ঠান ও বাজার বিভাগ
বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়
ঢাকা ।

ডিএফআইএম সার্কুলার লেটার নং- ১১

নভেম্বর ২১, ২০১৩
তারিখ : -----
অগ্রহায়ণ ৭, ১৪২০

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী কর্মকর্তা
বাংলাদেশে কার্যরত সকল আর্থিক প্রতিষ্ঠান ।

প্রিয় মহোদয়,

ঋণ অবলোপন (Write off) নীতিমালা ।

শিরোনামোক্ত বিষয়ে এফআইডি সার্কুলার নং-০৩, তারিখ : মার্চ ১৫, ২০০৭ এর প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে ।


উক্ত সার্কুলারে মন্দ/ক্ষতিজনকমানে শ্রেণীকৃত হয়েছে এরূপ ঋণ, অগ্রিম ও লিজ এর ১০০% প্রভিশন সংরক্ষণ সাপেক্ষে অবলোপনের পূর্বে আদালতে মামলা দায়ের করার নির্দেশনা দেয়া হয়েছিল । কিন্তু পরিলক্ষিত হচ্ছে যে, অনেক সময় বিশেষত: ক্ষুদ্র অংকের ঋণের ক্ষেত্রে মামলা করতে হলে খরচের পরিমাণ ঋণাংকের চেয়ে বেশি হয়ে যায় ।

এ প্রেক্ষাপট বিবেচনায় এ মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়েছে যে, এফআইডি সার্কুলার নং-০৩/২০০৭ এর অন্যান্য নির্দেশনা পরিপালন সাপেক্ষে অবলোপনযোগ্য ৫০,০০০/- (পঞ্চাশ হাজার) টাকা বা তার নিম্ন অংকের ঋণ, অগ্রিম ও লিজ আদালতে মামলা দায়ের ব্যতীত অবলোপন করা যাবে ।

এ নির্দেশ অবিলম্বে কার্যকর হবে ।

অনুগ্রহপূর্বক প্রাপ্তি স্বীকার করবেন ।

আপনাদের বিশ্বস্ত,



(এ.কে.এম আমজাদ হোসেন)
উপমহাব্যবস্থাপক
ফোন : ৯৫৩০২৪৯